



Ain o Salish Kendra (ASK)

আইন ও সালিশ কেন্দ্র (আসক)

বরাবর

বার্তা সম্পাদক

আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ

সুলতানা কামাল

নির্বাহী পরিচালক

১১ আগস্ট ২০১৩

**মানবাধিকার সংগঠন 'অধিকার'-এর সেক্রেটারী আদিলুর রহমান খান গ্রেফতার
আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ**

মানবাধিকার সংগঠন 'অধিকার'-এর সেক্রেটারী আদিলুর রহমান খানের ১০ আগস্ট ২০১৩ রাতে গ্রেফতারের ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা যায়, ১০ আগস্ট ২০১৩ রাতে রাজধানীর গুলশানে আদিলুর রহমান খান নিজ বাসভবনের সামনে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ লঙ্ঘনের অভিযোগে গ্রেফতার হন। গণমাধ্যমসূত্রে আরও জানা যায় যে, ৫মে ২০১৩ তারিখে হেফাজতে ইসলামের ঢাকা অবরোধ কর্মসূচি ও আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক মতিঝিল অভিযান নিয়ে তথ্য বিকৃতির অভিযোগে তাকে গ্রেফতার করা হয় এবং গ্রেফতার পরবর্তী সময়ে তার সাথে আইনজীবী ও পরিবারের সদস্যদের সাথে দেখা করতে দেয়া হয়নি। তিনি যে প্রক্রিয়ায় গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়েছেন সে বিষয়ে সরকারের কাছ থেকে এখন পর্যন্ত স্পষ্ট কোন বক্তব্য পাওয়া যায়নি। মানবাধিকার সংগঠন হিসেবে আইন ও সালিশ কেন্দ্র এই ঘটনায় তীব্র নিন্দা প্রকাশ করছে এবং মনে করছে মানবাধিকার কর্মীদের স্বাধীনভাবে কাজ করা ও নিরাপত্তা বোধের উপর এ ধরনের গ্রেফতারের ঘটনা নেতিবাচক প্রভাব ফেলবে।

আমরা পুলিশের হেফাজতে বন্দী অবস্থায় আদিলুর রহমান খানের নিরাপত্তার বিষয়েও গভীরভাবে উদ্বেগ প্রকাশ করছি এবং সরকারের কাছে তার নিরাপত্তা বিধান করার দাবি জানাচ্ছি।